

সকলেই কৃষ্ণভক্ত সাধু-সেবা-মতি।
 নয়নের অতি ভক্তি অতিথির প্রতি।।
 মধ্যম হরেকৃষ্ণের দুইটি নন্দন।
 রামনিধি জ্যেষ্ঠ হয় কনিষ্ঠ বদন।।
 জ্যেষ্ঠ অযোধ্যারামের তিনটি নন্দন।
 ঠাকুরদাস জ্যেষ্ঠ হয় অতি সুলক্ষণ।।
 মধ্যম শ্রীজয়কৃষ্ণ নামে-প্রেমে-মত্ত।
 হরিপ্রেমে মত্ত হ'য়ে করিতেন নৃত্য।।
 সবার কনিষ্ঠ হয় চন্দ্রকান্ত নাম।
 তিন ভাই হরিভক্ত বলে 'জয় রাম'।।
 ঠাকুরদাসের তিন পুত্র গুণাকর।
 জ্যেষ্ঠ রামকুমার মধ্যম বংশীধর।।
 কনিষ্ঠ গোলোকচন্দ্র ভক্ত চূড়ামণি।
 যাঁর ঘোর ছুঁকারে কম্পিতা মেদিনী।।
 শ্রীরামকুমার সংসারের মধ্যে কর্তা।
 সত্যবাদী জিতেন্দ্রীয় মিস্ত্রভাষী বক্তা।।
 গায় 'কৃষ্ণ' বলে 'কৃষ্ণ' করে মহাজনী।
 বাণিজ্য করেন দিয়ে নৌকার চালানি।।
 বংশীধর বংশধর অতি শিষ্টাচারী।
 সত্যবাদী জিতেন্দ্রীয় ধর্ম-অধিকারী।।
 কভু নাই অনাচার সংসারে সংসারী।
 সবে মানে রাজাস্থানে সত্য দরবারী।।
 সদা পরহিতে রত গৃহকার্য করে।
 রাজা ডাকে রাত্রে যান রাজদরবারে।।
 কনিষ্ঠ গোলোকচন্দ্র হইল গৌসাই।
 গৃহকার্য রত ছিল এই তিন ভাই।।
 গোলোক উন্নত্ত চিত্ত ঠাকুর ভাবিয়া।
 উপাধি হইল শেষে 'পাগল' বলিয়া।।
 কৃষিকার্য করিতেন গোস্বামী গোলোক।
 ধান্যক্ষেত্র কার্যে ছিল বড়ই পারক।।
 হলধর দিয়া চাষে আইলে বসিয়া।
 নির্জনে বসিয়া জমি দেখিত চাহিয়া।।

জমি মধ্যে কোন স্থান নিম্ন যদি রয়।
 উচ্চ হতে মাটি এনে সে খাদ পুরায়।।
 উঁচু-নিচু না রাখিত জমির মাঝেতে।
 সমতল ধান্যক্ষেত্র করিত স্বহস্তে।।
 যে জমির ধান্য কাটে আঠার কিষণে।
 তিনি তাই কাটিতেন একা একদিনে।।
 বিষয় কার্যেতে ছিল এমত নিযুক্ত।
 এবে গুন যেভাবে হইল প্রভুভক্ত।।
 কণ্ঠদেশ ফুলিয়া ক্রমশঃ হ'ল ভারী।
 শয্যাগত রহিলেন হ'য়ে অনাহারী।।
 নাসারন্ধ্রে ঘনশ্বাস বাক্য নাই সরে।
 দুগ্ধ পান-আদি-বন্ধ হ'ল একেবারে।।
 রাউৎখামার রামচাঁদ মহাশয়।
 ভক্তশ্রেষ্ঠ ঠাকুরের কাছে আসে যায়।।
 রোগযুক্ত রোগী যত রামচাঁদে ধরে।
 ঠাকুরের নামেতে রাখিয়া রোগ সারে।।
 গোলোকের জ্যেষ্ঠ রামকুমার বিশ্বাস।
 দশরথ নিকটেতে করিল প্রকাশ।।
 গোস্বামীর খুল্লতাত জয়কৃষ্ণ নাম।
 তার পুত্র সহস্রলোচন গুণধাম।।
 সদা-সাধুসঙ্গ-মতি হৃদয়ে আনন্দ।
 তাহার কুমার দশরথ মহানন্দ।।
 শ্রীরামকুমার কহে দশরথ ঠাঁই।
 চল বাপু রামচাঁদে আনিবারে যাই।।
 গোলোকে দেখিয়া আর স্থির নহে মন।
 মনে হয় গোলোকের নিকট মরণ।।
 শুনেছি রামচাঁদের অপার মহিমে।
 রোগ সারে হরিচাঁদ ঠাকুরের নামে।।
 বড় বড় রোগে রোগী তার কাছে যায়।
 যাওয়ামাত্র রোগমুক্তি যদি দয়া হয়।।
 দশরথ দিল মত চল তবে যাই।
 খুল্লতাত রোগ সারে এই ভিক্ষা চাই।।